

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৬৬

আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘বিশেষজ্ঞ চিকিৎসকের পরিষেবার স্বল্পতায় জিবিতে রোগীর ক্ষোভ’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, সংবাদটি সঠিক নয়। প্রকৃত তথ্য হল, রাজ্যের প্রধান রাজ্যভিত্তিক হাসপাতাল জিবিপি হাসপাতালে উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা প্রদানের জন্য রাজ্য সরকার ধারাবাহিকভাবে কর্মযজ্ঞ চালিয়ে যাচ্ছে। রোগীরা যাতে সুষ্ঠুভাবে চিকিৎসা পরিষেবা পেতে পারেন সেক্ষেত্রে হাসপাতাল কর্তৃপক্ষ নিয়মিতভাবে নজর রাখছেন। হাসপাতালে সকাল ৯টা থেকে বিকেল ৪.৩০ টা পর্যন্ত বিশেষজ্ঞ চিকিৎসক থেকে শুরু করে জুনিয়র ডাক্তার, সবাই কর্তব্যরত অবস্থায় থাকেন। বিকেল ৪.৩০ টা থেকে রাত ১০ টা অবধি কনসালটেন্টরা চিকিৎসা পরিষেবা প্রদানের জন্য উপস্থিত থাকেন। রাত ১০ টা থেকে পরদিন সকাল ৯টা পর্যন্ত সিনিয়র রেসিডেন্ট, পিজি চিকিৎসক, ইন্টার্ন এবং জুনিয়র ডাক্তাররা পরিষেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত থাকেন। সেই সময়কালে কনসালটেন্টরা অনকলে থাকেন। জিবিপি হাসপাতালে সিনিয়র চিকিৎসকরা সহ রাউন্ড দেওয়ার বিষয়টিও নিয়মিতভাবে চলে আসছে। ছুটির দিনেও সিনিয়র চিকিৎসকরা পরিষেবা দিয়ে থাকেন। রোগীদের চিকিৎসার ক্ষেত্রে যাতে বিন্দুমাত্র গাফিলতি না হয় সে ক্ষেত্রে কর্তৃপক্ষ শেয়ন দৃষ্টি রাখেন। চিকিৎসা পরিষেবা অবহেলার কারণে জিবিপি হাসপাতালে রোগীর মৃত্যুর কোনরকম অভিযোগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের কাছে নেই।
